



Bangladesh Association of
Software & Information Services

তারিখ: ২৩ জুন ২০১২

প্রধান বার্তা সম্পাদক/ চীফ রিপোর্টার
দৈনিক পত্রিকা (সকল)
ঢাকা

বিষয়: অনলাইন আউটসোর্সিং-এর নামে প্রতারণামূলক কার্যক্রম প্রসঙ্গে জনসচেতনতামূলক সংবাদ সম্মেলনে
উপস্থিত থাকার অনুরোধ।

মহোদয়,

আমরা গভীর উদ্বেগের সাথে লক্ষ্য করছি যে, অনলাইনে অর্থ উপার্জন তথা অনলাইন আউটসোর্সিং-এর নামে অসংখ্য তরুণ ছাত্র ও যুব সম্প্রদায়কে নানামুখি প্রলোভন দেখিয়ে বিভিন্ন সংগঠন প্রশিক্ষণের নামে প্রতারণা করছে। এসকল কর্মকাণ্ডে অমিত সম্ভাবনাময় আউটসোর্সিং ইন্ডাস্ট্রি সম্পর্কে জনমনে বিভ্রান্তি সৃষ্টির আশঙ্কা দেখা দিয়েছে। সফটওয়্যার ও আইটি শিল্পের জাতীয় বাণিজ্য সংগঠন হিসেবে বেসিস এ ব্যাপারে এই বিপুল সংখ্যক যুব সম্প্রদায়কে সঠিক দিকনির্দেশনা প্রদান করার তাগিদ অনুভব করছে।

অনলাইন আউটসোর্সিং-এর ব্যাপারে চলমান এসব প্রতারণামূলক কার্যক্রমের ব্যাপারে জনসচেতনতা তৈরি করতে বেসিস আগামীকাল, রবিবার, সকাল ১১:৩০ মিনিটে বেসিস কনফারেন্স রুমে এক সংবাদ সম্মেলনের আয়োজন করেছে।

বর্ণিত সংবাদ সম্মেলনে আমরা আপনাকে সাদর আমন্ত্রণ জানাচ্ছি। সেইসাথে সংবাদ সম্মেলনে আপনার বহুল প্রচারিত পত্রিকার একজন প্রতিনিধি ও একজন ফটো সাংবাদিকের উপস্থিতি নিশ্চিতকরণের জন্য আপনাকে অনুরোধ জানাচ্ছি।

ধন্যবাদান্তে,

(মো: তানসিফ দানেশ)

সচিব, বেসিস

ফোন: ০১৭১৩০৩২৬৩৪